



ইসলামী কমার্শিয়াল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড  
المحدودة التجارية لتأمين الإسلامية الشركة  
Islami Commercial Insurance Company Limited



আমাদের শ্রমিকগণ প্রতিনিয়ত মিল ফ্যাক্টরীতে কাজ করে থাকেন । তাদের কাজগুলো অনেক ঝুঁকিপূর্ণ বিধায়, যে কোন সময় দুর্ঘটনার স্বীকার হতে পারে । এক্ষেত্রে Workmen's Compensation বীমা করা থাকলে ক্ষতিপূরণ পাওয়ার সম্ভবনা থাকে।

Workmen's Compensation বীমা এক ধরনের বীমা যার ফলে কলকারখানায় কর্মরত শ্রমিকদের স্থায়ী ও অস্থায়ী অক্ষমতা এবং মৃত্যুজনিত কারণে বীমা কোম্পানী কর্তৃক ক্ষতিপূরণের অঙ্গীকার । এই বীমার ফলে মালিকপক্ষ দেউলিয়াস্বের হাত থেকে রক্ষা পেয়েছেন এবং অপরপক্ষে শ্রমিকগণ তাদের ন্যায্য ক্ষতিপূরণ পেতে সক্ষম হয়েছেন । এই বীমা পত্রের প্রিমিয়াম হার সেন্ট্রাল রেটিং কমিটি হতে কাজের ধরনের উপর ভিত্তি করে প্রদত্ত ট্যারিফ অনুসারে প্রদান করা হয় ।

বাংলাদেশ গেজেট কর্তৃক প্রকাশিত গত বুধবার, অক্টোবর ১১, ২০০৬ সনের ৪২ নং আইন অনুযায়ী শ্রমিকদের ক্ষতিপূরণের একাংশ নিম্নরূপ

১. মৃত্যুজনিত কারণে - টাঃ ১,০০,০০০

২. স্থায়ী সম্পূর্ণ অক্ষমতার কারণে - টাঃ ১,২৫,০০০

৩. অস্থায়ী অক্ষমতার কারণে - i. দুই মাসের জন্য সম্পূর্ণ মাসিক মজুরী  
ii. পরবর্তী দুই মাসের জন্য মাসিক মজুরীর দুই তৃতীয়াংশ  
iii. তৎপরবর্তী মাসের জন্য মাসিক মজুরির অর্ধেক  
iv. দীর্ঘকাল স্থায়ী পেশাগত রোগের জন্য অক্ষমতার ক্ষতিপূরণ সর্বাধিক দুই বৎসর পর্যন্ত মাসিক মজুরির অর্ধেক

এখানে উল্লেখ্য যে বর্তমান প্রেক্ষাপটে আর্থিক ক্ষতিপূরণের পরিমাণ দ্বিগুন করার বিষয়টি চিন্তা ভাবনা করা দরকার এবং বর্তমানে অনেক খাতে Workmen's Compensation বীমার পরিধি বিস্তার করাও প্রয়োজন । এই ব্যাপারে মিল ফ্যাক্টরীগুলোকে সরকারের পক্ষ থেকে চাপ সৃষ্টি করতে হবে যাতে মিল ফ্যাক্টরী এই বীমাপত্র গ্রহণ করতে বাধ্য হয় ।